

**U.G. 5th Semester Examination - 2020****BENGALI****Course Code: BBNGDSRT 1 & 2 (DSE 1 & 2)**

পূর্ণমান : 80

সময় : 2 ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রাচ্ছিহ্ন সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

এই প্রশ্নপত্রটিতে ২টি (DSE) প্রশ্নপত্র রয়েছে (DSE 1 এবং DSE 2)।  
 ছাত্র/ছাত্রীদের নির্দেশ দেওয়া হচ্ছে তারা যেন এই দুটির মধ্যে তাদের নির্বাচিত প্রশ্নপত্রটির উত্তর করে।

**Course Title:** বাংলা সাহিত্যের ইতিহাসঃ (অষ্টাদশ শতাব্দী পর্যন্ত)**Course Code : BBNGDSRT 1 (DSE 1)**

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$
- ক) মনসামঙ্গল কাব্যের আদিকবির নাম লেখো।
  - খ) ‘দ্বিতীয় বিদ্যাপতি’ কাকে বলা হয়?
  - গ) ‘বঙ্গভাষা ও সাহিত্য’ গ্রন্থের গুরুত্ব কী?
  - ঘ) সুকুমার সেন সাহিত্যের ইতিহাসের যুগবিভাগ কীভাবে করেছেন?
  - ঙ) ‘গীতগোবিন্দ’ কাব্যের পুরাণ উৎস কী?
  - চ) ‘উজ্জ্বলনীলমণি’ কার লেখা?
  - ছ) ‘কীর্তিলতা’ কার রচনা?
  - জ) ‘গুণরাজ খান’ কার উপাধি?

- ঝ) কবিওয়ালাদের বিষয়ে প্রথম তথ্যসংগ্রহ কে করেন?
  - এও) ‘তেরশপঁচানই শকে গ্রহ আরভন’ — কোন্ গ্রহ?
  - ট) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের চিরকৃটে গ্রন্থের নাম কী ছিল?
  - ঠ) মঙ্গলকাব্যগুলির মধ্যে কোন্টি প্রাচীনতম বলে মনে হয়?
  - ড) ‘কালীকীর্তন’ গ্রন্থটির রচয়িতার নাম লেখো।
  - ঢ) শিবায়ন কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে?
  - ণ) ‘শ্রীশ্রীকৃষ্ণচেতন্যচরিতামৃত’ কে রচনা করেন?
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$
- ক) ‘রসনারোচন শ্রবণবিলাস’ — কার রচনা? তিনি কী নামে পরিচিত?
  - খ) চৈতন্যোত্তর দু’জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
  - গ) কৃষ্ণবাসী রামায়ণ প্রথম মুদ্রিত আকারে কে, কোথা থেকে প্রকাশ করেন?
  - ঘ) ‘সতীময়না’ কাব্যের উৎসসহ কবির নাম লেখো।
  - ঙ) দুজন বাটুল সাধকের নাম লেখো।
  - চ) মনসামঙ্গলের কোন্ কবির কাব্য প্রথম মুদ্রণ সৌভাগ্য লাভ করে? তিনি কোন্ অঞ্চলের কবি ছিলেন?
  - ছ) ধর্মঙ্গল কাব্যের আদিকবির নাম কী? তাঁর রচিত কাব্যের নাম লেখো।
  - জ) প্রাক-চৈতন্যযুগের সাহিত্য বলতে কী বোঝ? একটি উদাহরণ দাও।
- ৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$
- ক) সৈয়দ আলাওলের কবিপ্রতিভার পরিচয় দাও।

- খ) চেতন্য জীবনী কাব্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- গ) অষ্টাদশ শতকের কবিগান ও কবিওয়ালাদের প্রসঙ্গে সংক্ষিপ্ত আলোচনা করো।
- ৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 1 = 10$
- ক) উত্তর চেতন্য যুগের বৈষ্ণব পদাবলীর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- খ) ভারতচন্দ্রের ‘অনন্দামঙ্গল’ কোন্ কোন্ গুণে যুগ অতিক্রম করেছে তা আলোচনা করো।
- গ) শাঙ্ক পদকর্তা রামপ্রসাদ ও কমলাকান্তের তুলনামূলক কবি প্রতিভার পরিচয় দাও।

- Course Title : বাংলা সাহিত্যের ইতিহাসে সমাজ-ধর্ম-সংস্কৃতি**
- Course Code : BBNGDSRT 2 (DSE 2)**
- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$
- ক) ‘মধুমালতী’ কাব্যের রচয়িতা কে ছিলেন?
- খ) ‘ঠাকুরদাদার ঝুলি’ কার সংকলিত গ্রন্থ?
- গ) কার কবিতায় আধুনিক যুগের পদধ্বনি শোনা গিয়েছিল?
- ঘ) কত খ্রিস্টাব্দে বাঙালি মুসলমানের ছাপাখানা প্রতিষ্ঠা হয়?
- ঙ) ‘গঙ্গা’ শব্দটি কোন্ ভাষার শব্দ?
- চ) ভোট চীন জাতির আদি পিতৃভূমি কোথায় ছিল?
- ছ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে কৃতিবাস ওৰা কোন্ রাজার পৃষ্ঠপোষকতায় রামায়ণ অনুবাদ করেছিলেন?
- জ) বঙ্গদেশে ব্রাহ্মধর্মের দু'জন প্রচারকের নাম লেখো।
- ঘ) ‘হরিশ তাহার এক উজ্জ্বল দৃষ্টান্ত’ — এখানে হরিশ বলতে কার কথা বোঝানো হয়েছে?
- ঙ) কত সালে বেথুন সাহেব বালিকা বিদ্যালয় স্থাপন করেন?
- ট) রামতনু লাহিড়ী কতদিন উত্তরপাড়া স্কুলের প্রধান শিক্ষকের কাজ করেছিলেন?
- ঠ) কড়ি দিয়ে রাজকর আদায়ের কথা কার গানে পাওয়া যায়?
- ড) রাজা মাণিকচন্দ্রের স্ত্রীর নাম কী ছিল?

- ট) রামাই পঞ্চিতের শুন্য-পুরাণে কতগুলি অধ্যায় আছে?
- ণ) কে 'ডাকের বচন' প্রণয়ন করেছেন বলে কথিত আছে?
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$
- ক) রাজা গোবিন্দচন্দ্রকে কে পরাজিত করেছিল এবং তা কোন্  
শিলালিপি পাঠ করে জানা যায়?
- খ) “এই সব বচনে কবিত্ব কিছুই নাই, উহারা কঙ্কাল-সার সত”  
— এখানে কোন্ কোন্ বচনের কথা বলা হয়েছে? তাদের  
একটি পার্থক্য লেখো।
- গ) 'Fakir of Jhungeera' কবিতাটি কার লেখা এবং এই  
কবিতাটি কাকে নিয়ে লেখা হয়েছিল?
- ঘ) হিন্দু কলেজ কত সালে কোথায় প্রতিষ্ঠিত হয়?
- ঙ) ‘ঘাঘরা পরা বিদেশিনী’ কে, কাদের এই নামে আখ্যায়িত  
করেছিলেন?
- চ) গ্রেট ব্রিটেনে কীভাবে রাষ্ট্রীয় এক্য ঘটেছে বলে সুনীতিকুমার  
চট্টোপাধ্যায় মনে করেন?
- ছ) “মুসলমান পীর গাজির সঙ্গে হিন্দু দেবদেবীর সম্পর্কের  
ব্যাখ্যা এই কাব্যের সবচাইতে কৌতুহলোদ্বীপক বিষয়” —  
উদ্বৃত এই অংশটিতে কোন্ কাব্যের কথা বলা হয়েছে? এই  
কাব্যের কবি কে?
- জ) পাগলা কানাই কে ছিলেন?

- ৩। যে-কোনো দুঁটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$
- ক) সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের ‘জাতি, সংস্কৃতি ও সাহিত্য’  
প্রবন্ধ অবলম্বনে বাঙালির উৎসব-অনুষ্ঠানকেন্দ্রিক সংস্কৃতির  
পরিচয় দাও।
- খ) ‘রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ’ গ্রন্থ অবলম্বনে  
উনিশ শতকের সমাজ ও সংস্কৃতিতে অক্ষয়কুমার দত্তের  
অবদান আলোচনা করো।
- গ) “কিন্তু এই বঙ্গদেশেও একসময় বৌদ্ধ ধর্ম প্রবল পরাক্রমের  
সহিত রাজত্ব করিতেছিল।” — এই মন্তব্যের সত্যতা  
প্রমাণের জন্য দীনেশচন্দ্র সেন কী কী দৃষ্টান্ত দিয়েছিলেন?
- ৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 1 = 10$
- ক) ‘রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ’ গ্রন্থ অবলম্বনে  
বঙ্গসমাজ গঠনে বিদ্যাসাগরের অবদান আলোচন করো।
- খ) দীনেশচন্দ্র সেন নাথগীতিকার আলোচনা প্রসঙ্গে তৎকালীন  
সমাজ ও রাজনীতির যে বর্ণনা দিয়েছেন — তা সংক্ষেপে  
আলোচনা করো।
- গ) ‘মধ্যযুগের অনুবন্তি ও আধুনিকতার সূচনা’ নামক প্রবন্ধে  
কীভাবে মধ্যযুগ ও আধুনিক যুগের বৈশিষ্ট্য পাশাপাশি দেখা  
গিয়েছিল তা আলোচনা করো।
-